দৈনিক বাংলা

তারিখ ২৬।৭।৮২
পৃষ্ঠা ... কলাম ...

২৫৭

054.

# প্রাথমিক শিক্ষকদের বিক্ষোভ দিবস পালিত

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদের মুক্তিসহ তিন-দফা দাবীতে সমিতির উদ্যোগে শুক্রবার দেশব্যাপী বিক্ষোভ দিবস পালিত হয়।

শুক্রবার বিকেলে বায়তুল মোকাররম প্রাঙ্গণে এক গণজমায়েত অনুষ্ঠিত হয়। গণজমায়েতের পর একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি বাহাদুর শাহ পার্ক পর্যন্ত যায়।

গণজমায়েতে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগ (হা), জাসদ, আওয়ামী লীগ (মি), ডেমোক্র্যাটিক লীগ, বাসদ, ওয়ার্কার্স পার্টি, সাম্যবাদী দল (মাঃ লেঃ), জাগপা প্রভৃতি রাজনৈতিক দলের নেতৃবৃন্দ।

গণজমায়েতে সভাপতিত্ব করেন প্রাথমিক শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি জনাব আলতাফ হোসেন। সভায় গৃহীত বিভিন্ন প্রস্তাবে অধ্যাপক আবুল কালাম আজাদের মুক্তিসহ তিন দফা দাবী মেনে নেয়ার দাবী জানানো হয় এবং তিন দফা দাবীতে ১৯শে ফেব্রুয়ারী গণসংগ্রাম দিবস পালনের সিদ্ধান্তের কথা ঘোষণা করা হয়।